গ. কর্মসংস্থানে যুক্ত হওয়ার উপায়সমূহ

“শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তা” এ মন্ত্রে দীক্ষিত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের তৃণমূল পর্যন্ত বিস্তৃত একটি বাহিনী। জননিরাপত্তা বিধান বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অন্যতম দায়িত্ব। পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নে এ বাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। আর্থ সামাজিক উন্নয়নের জন্য প্রয়োজন দক্ষ জনশক্তি এবং দক্ষ জনশক্তি তৈরির মূল চাবিকাঠি হলো প্রশিক্ষণ। তৃণমূল পর্যায়ে বিস্তৃত এ বাহিনীর কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়নের পাশাপাশি বিপুল সংখ্যক স্বেচ্ছাসেবী ভিডিপি সদস্য-সদস্যার সচেতনতা সৃষ্টি, কর্মদক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ইত্যাদি বিষয়গুলো লক্ষ্য রেখে বিভিন্ন কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতিবছর বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করা হয়। এই প্রশিক্ষণ পরিকল্পনায় পরিকল্পিত কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের দক্ষতা ও দৃষ্টি ভঙ্গির পরিবর্তন করা এবং উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে সময়োপযোগী ও উদ্ভাবনী কর্মকান্ডে আত্মনিয়োগ করে দেশের সামগ্রিক উন্নয়নে অবদান রাখার বিষয়টি প্রাধান্য দেয়া হয়েছে। তারই ধারাবাহিকতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রশিক্ষণ নির্দেশিকা প্রণয়ন ও স্বেচ্ছাসেবী ভিডিপি সদস্য-সদস্যাগণের কারিগরি ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রদত্ত দক্ষতা উন্নয়নমূলক পেশাগত প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ কেন্দ্র:** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী তার সদস্যদের সারা বছর ব্যাপী কারিগরি ও পেশাভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। যাতে করে বাহিনীর সেচ্ছাসেবীদের আর্থিক আর্থিক সক্ষমতা অর্জনের সুযোগ তৈরি হয়। প্রশিক্ষণ কেন্দ্র সমূহ হলো- বাংলাদেশ আনসার-ভিডিপি একাডেমি, ভিটিসি (২টি), টিটিসি (৩টি), জেলা ও ব্যাটালিয়ন পর্যায়ে কম্পিউটার ট্রেনিং সেন্টার (৩৮) এবং মোটর ড্রাইভিং প্রশিক্ষণ কেন্দ্র (১৪) ইত্যাদি। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের সাথে Collaboration এর মাধ্যমে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

**আনসার ভিডিপির দক্ষতা উন্নয়নমূলক পেশাগত প্রশিক্ষণের বৈশিষ্ট্যঃ**

১. বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, মহান মুক্তিযুদ্ধের ইতিহাস, কৃষ্টি ও সংস্কৃতি সম্পর্কে অবহিত করা ও দেশপ্রেম উদ্বুদ্ধ করা।
২. হাতে কলমে মাধ্যমে আধুনিক যন্ত্রপাতির সাহায্যে এবং তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ উপকরণ ও টিউটোরিয়াল ব্যবহার করে শেখানো।
৩. প্রশিক্ষণ শেষে যাতে স্বাবলম্বী হতে পারে এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে আর্থিক সক্ষমতা অর্জন করতে পারে তার জন্য উপকরণসমূহ সরকারি অর্থ ব্যয়ে সরবরাহ করা। যেমন- সেলাই ও ফ্যাশন ডিজাইন বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত সকল সদস্যকে স্বাবলম্বী করার লক্ষ্যে ০১ টি করে সেলাই মেশিন প্রদান, মোটর ড্রাইভিং প্রশিক্ষণার্থীদের স্বাবলম্বী করার জন্য ড্রাইভিং লাইসেন্স প্রদান, মুক্তাচাষ প্রশিক্ষণার্থীদের মুক্তাচাষের সরঞ্জামাদি প্রদান করা হয়।
৪. আধুনিক ও যুগোপযোগী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যাতে সুযোগ সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী যুগের সাথে তাল মিলিয়ে চলতে পারেন।
৫. কারিগরি ও পেশাগত প্রশিক্ষণ শেষে যাতে প্রশিক্ষণার্থীরা বেকার না থাকে তার জন্য আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে তাদের বিনিয়োগ সহায়তা প্রদান, দেশে এবং বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

**আনসার ভিডিপির দক্ষতা উন্নয়নমূলক পেশাগত প্রশিক্ষণের পরিচিতি ঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের পেশাগত দক্ষতা অর্জন, দক্ষ জনশক্তিতে রূপান্তর, সাবলম্বী, আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ দেশের আর্থ সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত ক্যাটাগরিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করে থাকেন।

| প্রশিক্ষণের নাম | উদ্দেশ্য | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| • বেসিক কম্পিউটার প্রশিক্ষণ (পুরুষ ও মহিলা) | • কম্পিউটার ব্যবহারে করে তোলার মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি করা।<br>• কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থিক অবস্থার উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা। | ৭০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভুক্ত এবং মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য-সদস্যা।<br>• ন্যূনতম এসএসসি পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর।<br>(NSDA কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড/জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর সনদপত্র প্রাপ্য হবেন এবং একই সাথে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী হতে একটি প্রশংসাপত্র/সনদপত্র দেয়া হবে) |



CS CamScanner

| প্রশিক্ষণের নাম | উদ্দেশ্য | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| • অটোমেকানিক্স প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড পেইন্টিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• ওয়েল্ডিং ৪জি প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• (ম্যাশনারি অ্যান্ড রড বাইন্ডিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• টাইল্স অ্যান্ড সেটিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• ফ্রিজ ও এয়ারকন্ডিশনার মেরামত প্রশিক্ষণ (আনসার ব্যাটালিয়ন ও ভিডিপি পুরুষ) | • আনসার ও ভিডিপি সদস্যদের কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা।<br>• অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে কর্মসংস্থান সৃষ্টি ও আর্থিক উন্নয়ন ঘটাতে সক্ষম করা।<br>• দেশে ও বিদেশে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আর্থিক উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা। | ৭০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর।<br>(NSDA কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড/জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর সনদপত্র প্রাপ্য হবেন এবং একই সাথে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী হতে একটি প্রশংসাপত্র/সনদপত্র দেয়া হবে) |
| • সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ (ভিডিপি মহিলা) | • হাত এবং পা চালিত সেলাই মেশিনে সেলাই প্রশিক্ষণ প্রদান করা। ব্লক, বুটিক, বাটিক ও এমব্রয়ডারি কাজে<br>• দক্ষ করে গড়ে তোলা এবং আত্মকর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা।<br>• প্রশিক্ষণার্থীদের ফ্যাশন সম্মত পোশাক তৈরি কাজে দক্ষ করে স্বাবলম্বিতা অর্জনের জন্য পেশা হিসেবে গ্রহণের ক্ষেত্র প্রস্তুত করা।<br>• তৈরি পোশাক শিল্পে ও দেশের অভ্যন্তরে কর্মসংস্থানের সযোগ সৃষ্টি করা। ব্লক, বুটিক, বাটিক ও এমব্রয়ডারি কাজে দক্ষ করে গড়ে তোলা। | ৭৫ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর। |
| • সোয়েটার মেশিন অপারেটিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ) | • সোয়েটার মেশিন অপারেটিং প্রশিক্ষণের মাধ্যমে গার্মেন্টস্ ফ্যাক্টরিতে চাকরি অর্জনের উপযোগী করে গড়ে তোলা।<br>• তৈরি পোশাক শিল্পে কর্মসংস্থানের উপযোগী করে আর্থিক উন্নয়ন ঘটাতে সহায়তা করা। | ৬০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর। |
| • ওভেন মেশিন অপারেটিং প্রশিক্ষণ (ভিডিপি মহিলা) | • প্রশিক্ষণের মাধ্যমে ওভেন মেশিন অপারেটিং কাজে দক্ষ গড়ে তোলা।<br>• প্রশিক্ষণার্থীগণকে ইলেকট্রিক মেশিনে সেলাই কাজে দক্ষ করে তোলা।<br>• তৈরি পোশাক শিল্পে কর্মসংস্থানের সযোগ সৃষ্টির মাধ্যমে আর্থিক উন্নয়নে সহায়তা করা। | ৬০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর। |

CS CamScanner

| প্রশিক্ষণের নাম | উদ্দেশ্য | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| • মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ) | • সাধারণ আনসার ও ভিডিপি সদস্যগণকে মোটর গাড়ি চালনায় পারদর্শী করে তোলা। <br> • প্রশিক্ষণ গ্রহণকারীগণকে মোটর গাড়ি রক্ষণাবেক্ষণে সক্ষম করে গড়ে তোলা। <br> • দেশে ও বিদেশে কর্মসংস্থান তৈরির মাধ্যমে আর্থিক উন্নয়ন ঘটাতে সহায়তা করা। | ৪২ দিন | • সাধারণ আনসার ও ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য এবং আনসার ব্যাটালিয়নের সদস্য। <br> • ৮ম শ্রেণী পাশ। <br> • বয়সঃ ২১ হতে ৩০ বছর। |
| • ইউটিলিটি প্রশিক্ষণ-আনসার ব্যাটালিয়ন (পুরুষ ও মহিলা) | • প্রাথমিক চিকিৎসা প্রদান ও স্বাস্থ্য পরিচর্যার দায়িত্ব পালনের জন্য দক্ষ করে গড়ে তোলা। <br> • চিকিৎসা ক্ষেত্রে দক্ষতা অর্জন করে সেবা প্রদানের উপযোগী করে তোলা | ৩৬৫ দিন | • এস এস সি বা তদুর্দ্ধ (বিজ্ঞান বিভাগ) অগ্রাধিকার। <br> • বয়সঃ ১৮-৩০ বছর হতে হবে। |
| • ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রশিক্ষণ-ভিডিপি (পুরুষ) | • সমুদ্র সম্পদের বিকাশ <br> • বিভিন্ন সরঞ্জাম ও কৌশল প্রয়োগ করা এবং দেশের আর্থ সামাজিক খাতে অবদান রাখা। | ২১ দিন | • ভিডিপি সদস্য হতে হবে। <br> • ৮ম শ্রেণী পাশ ও তদুর্দ্ধদের অগ্রাধিকার <br> • ১৮-৩০ বছর হতে হবে। |
| • ক্যাটারিং সার্ভিস স্টাফ ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স-আনসার ব্যাটালিয়ন ও ভিডিপি (পুরুষ) | • হোটেল, মোটেল, রিসোর্ট এবং পর্যটন শিল্প সংশ্লিষ্ট সংস্থায় কর্মসংস্থানের উপযোগী করে গড়ে তোলা <br> • উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ <br> • দক্ষ সার্ভিস স্টাফ হিসেবে গড়ে তোলা | ২৮ দিন | • <u>ব্যাটালিয়ন আনসার</u> <br> • ৮ম শ্রেণি বা তদুর্দ্ধদের অগ্রাধিকার <br> • বয়সঃ ২০-৩৫ বছর <br> • <u>ভিডিপি সদস্যঃ</u> <br> • ৮ম শ্রেণি পাশ বা তদুর্দ্ধদের অগ্রাধিকার <br> • বয়সঃ ১৮-৩০ বছর। |

CS CamScanner